ভূ-বিজ্ঞান অনুষদ
ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগ
রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী-৬২০৫।

## তিন সেমিস্টার মেয়াদী এমএস - ২০২৫ প্রোগ্রামে বহিরাগত শিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভূ-বিজ্ঞান অনুষদভুক্ত ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগে তিন সেমিস্টার মেয়াদী ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিষয়ে এমএস-২০২৫ (সেশন: ২০২৪-২০২৫) প্রোগ্রামে শূন্য (নূন্যতম ১৬টি) আসনে ভর্তি হতে আগ্রহী প্রার্থীদের নিকট থেকে নিম্নেবর্ণিত যোগ্যতা ও শর্ত পূরণ সাপেক্ষে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। ফরম রাজশাহী বিশ্ববিদ্যালয় ওয়েব সাইট (www.ru.ac.bd) অথবা ভূতত্ত্ব ও খনিবিদ্যা অফিস থেকে সংগ্রহ করা যাবে।

**প্রার্থীর যোগ্যতা:**

- রাজশাহী বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্য যে কোন পাবলিক বিশ্ববিদ্যালয় অথবা রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ/ইনস্টিটিউট থেকে ভূতত্ত্ব ও খনিবিদ্যা/ভূতত্ত্ব/ভূতাত্ত্বিক বিজ্ঞান/পেট্রোলিয়াম ও মাইনিং ইঞ্জিনিয়ারিং/পরিবেশ বিজ্ঞান/দূর্যোগ ব্যবস্থাপনা/সমুদ্র বিজ্ঞান/মৃত্তিকা বিজ্ঞান/পানি সম্পদ বিষয়ে চার বছর মেয়াদী স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রী অর্জনকারী প্রার্থীগণ আবেদন করতে পারবে।
- আবেদনকারী প্রার্থীর স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে নূন্যতম সিজিপিএ ৩.০০ (৪.০০ স্কেলে) থাকতে হবে।
- প্রার্থীগণ স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রী অর্জনের সর্বোচ্চ ২ (দুই) বছরের মধ্যে আবেদন করতে পারবে।

**শর্তাবলী:**

- যথাযথভাবে পূরণকৃত প্রাথমিক আবেদনপত্র ১০০০/- (এক হাজার) টাকা আবেদন ফিসহ আগামী ০৩ সেপ্টেম্বর, ২০২৬ তারিখ বৃহস্পতিবার অফিস চলাকালীন সময়ের মধ্যে ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের অফিসে জমা দিয়ে পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।
- আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট, মার্কস সার্টিফিকেট, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রশংসাপত্রের সত্যায়িত কপি এবং সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ফরমের সাথে জমা দিতে হবে।
- আগামী ০৭ সেপ্টেম্বর, ২০২৬ তারিখ সোমবার বেলা ১১.০০টা থেকে ১২.০০টা পর্যন্ত (১ ঘন্টা) লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষা ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগে অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষা ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিষয়ে স্নাতক/স্নাতক (সম্মান) এর পাঠ্যক্রমের (ওয়েব সাইটে পাওয়া যাবে) উপর ১০০ নম্বরের সংক্ষিপ্ত প্রশ্ন-উত্তরে নম্বর পদ্ধতিতে অনুষ্ঠিত হবে।
- ভর্তি পরীক্ষার পাশ নম্বর ৪০%। ভর্তি পরীক্ষার প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম অনুযায়ী ফলাফল প্রকাশ করা হবে।
- লিখিত পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের ফলাফল ১০ সেপ্টেম্বর ২০২৬ তারিখ বৃহস্পতিবার দুপুর ১২.০০টায় প্রকাশ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ১৩ সেপ্টেম্বর, ২০২৬ তারিখ দুপুর ২.০০টা হতে বিভাগীয় অফিসে সাক্ষাৎকার গ্রহণ করা হবে। সাক্ষাৎকারের সময় শিক্ষার্থীকে সকল সার্টিফিকেট, মার্কস সার্টিফিকেট ও অন্যান্য সনদপত্রের মূলকপি বোর্ডের সদস্যদের দেখাতে হবে।
- সাক্ষাৎকার শেষে চূড়ান্ত মেধা তালিকা ১৪ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে প্রকাশ করা হবে।
- ভর্তির সময় আবেদনকারীকে নিজ নিজ বিশ্ববিদ্যালয় হতে সংগৃহীত মাইগ্রেশন সার্টিফিকেট অবশ্যই জমা দিতে হবে।
- ভর্তি সংক্রান্ত যাবতীয় নিয়মাবলী পরিবর্তন, পরিমার্জন বা সম্পূর্ণ বাতিলের ক্ষমতা বিভাগ কর্তৃক সংরক্ষিত।

২৮/০৮/২৬

প্রফেসর ড. ইউনুস আহমদ খান
আহবায়ক
মাস্টার্স প্রোগ্রামে বহিরাগত শিক্ষার্থী ভর্তি কমিটি ২০২৫
ও
সভাপতি
ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগ
রাজশাহী বিশ্ববিদ্যালয়